# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 24.03.24** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) এপ্রিলের শুরুতেই রাজ্যে আসছে আরও ২৭ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

ভোটের প্রচার জমে ওঠার আগেই রাজনৈতিক সংঘাতে উত্তপ্ত রাজ্যের বিভিন্ন এলাকা।

পিংলায় দলীয় কর্মীর দেহ উদ্ধারের ঘটনায় খুনের অভিযোগ করেছে বিজেপি।

রাজ্যের উত্তর থেকে দক্ষিণ প্রার্থীদের রবিবারের প্রচারে অংশ নিতে দেখা যায়।

২) সিবিআই-এর তল্লাশি অভিযান নিয়ে কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্র নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানিয়েছেন।

৩) সন্দেশখালির সরবেড়িয়ায় পাঁচ-ই জানুয়ারীর ঘটনার আজ পুনর্নির্মাণ করেন সি বি আই আধিকারিকরা।

৪) আগামীকাল দোলযাত্রা। রং-এর উৎসবে মেতে উঠতে প্রস্তুত বাংলার মানুষ।

oooooooooooooooooooooooooo

লোকসভা নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ করতে এপ্রিলের শুরুতেই আরও 27 কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে আসছে। এর মধ্যে সিআরপিএফ আসছে 15 কোম্পানি, BSF 5 ও CISF 7 কোম্পানি। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক রাজ্য সরকারকে চিঠি দিয়ে একথা জানিয়েছে। আগেই রাজ্যে এসেছে 150 কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। ফলে বাহিনীর মোট সংখ্যা দাঁড়ালো 177 কোম্পানি। ২৭ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী কোথায় মোতায়েন করা হবে সেব্যাপারে দ্রুত সিদ্ধান্ত নিতে রাজ্য সরকারকে অনুরোধ করেছে নির্বাচন কমিশন।

রুট মার্চ এবং ভোটারদের মন থেকে ভয় ভীতি দূর করে আস্থা জোগানোর কাজ করবে এই বাহিনী।

এদিকে, অতীতে লোকসভা ও বিধানসভা নির্বাচনের সময় যাদের বিরুদ্ধে বুথ দখল, ছাপ্পা ভোট, গুলি চালানোর অভিযোগ রয়েছে, তাদের নামের তালিকা তৈরি করার জন্য নির্বাচন কমিশন সব জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে।

oooooooooooooooooooooo

ভোটের প্রচার জমে ওঠার আগেই রাজনৈতিক সংঘাতে উত্তপ্ত হয়ে উঠেছে রাজ্যের বিভিন্ন এলাকা। দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং পূর্ব বিধানসভা কেন্দ্রের জীবনতলা এলাকায় বিজেপি কর্মীদের বেধড়ক মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

বিজেপি-র দাবি, দলীয় প্রার্থীর প্রচার কৌশল স্থির করতে মন্ডল সভাপতি সুব্রত দাসের বাড়িতে আজ সকালে বৈঠকের আয়োজন করা হয়। সেকথা জানতে পেরে তাঁর বাড়ি ঘেরাও করে বিজেপি কর্মী সমর্থকদের মারধোর করে ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লার অনুগামীরা। গুরুতর আহত হন ৭ জন।

পুলিশের নিষ্ক্রিয়তার কারণেই এই ঘটনা ঘটেছে বলে অভিযোগ করেছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সোস্যাল মিডিয়া পোস্টে এই ঘটনার উল্লেখ করে লিখেছেন, সন্দেশখালির শেখ শাহজাহানের মতোই কুখ্যাত হোসেন শেখ ও তার লোকজন বিজেপি কর্মীদের আক্রমণ করে। গুরুতর জখম কয়েকজনকে ক্যানিং মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। এই ঘটনার প্রতি নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষণ করে শুভেন্দু লিখেছেন, ২০২১-এর বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসা এবং ২০২৩-এর পঞ্চায়েত নির্বাচনের রক্তপাত এড়াতে হলে, এখনই পদক্ষেপ করতে হবে কমিশনকে।

শওকত মোল্লা অবশ্য অভিযোগ অস্বীকার করেছে। তাঁর দাবি, এই ঘটনার সঙ্গে রাজনীতির কোন সম্পর্ক নেই।

এই জেলারই সোনারপুরের বৈকুণ্ঠপুর মোড়ে দলীয় পতাকা লাগানোকে কেন্দ্র করে  গতরাতে তৃণমূল কংগ্রেসের লোকেরা বিজেপি কর্মী সমর্থকদের মারধোর করে বলে অভিযোগ। প্রতিবাদে সোনারপুর মোড় পর্যন্ত মিছিল করে বিজেপি। যদিও তৃণমূল কংগ্রেস অভিযোগ অস্বীকার করেছে।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের ঘাটাল লোকসভা কেন্দ্রের অধীন পিংলায় এক বিজেপি কর্মীর দেহ উদ্ধারের ঘটনায় খুনের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

শান্তনু ঘোড়ুই নামে ওই যুবককে তৃণমূল কংগ্রেস বারবার হুমকি দিত বলে তাঁর বাবার অভিযোগ। গতকাল দুপুরে খড়গপুর দু নম্বর ব্লকের বাড়বাশী এলাকায় ধানি জমি থেকে তার দেহ উদ্ধার হয়। ঘাটালের বিজেপি প্রার্থী, অভিনেতা হীরণ চট্টোপাধ্যায় এই ঘটনায় জড়িতদের বিরুদ্ধে সি বি আই তদন্তের দাবি জানিয়েছেন। শান্তনুর পরিবারের সঙ্গে দেখা করতে আজ তার বাড়িতে যান হীরণ।

অভিযোগ অস্বীকার করে তৃণমূল কংগ্রেস নেতা অজিত মাইতি বলেছেন, কোন ইস্যু না পেয়ে বিজেপি মনগড়া কথা বলছে।

oooooooooooooooooooooo

নদীয়ার চাকদার চাদুরিয়ার মালোপাড়ায় কীর্তনের অনুষ্ঠানে যোগ দিয়ে গিয়ে রানাঘাটের বিদায়ী সাংসদ তথা বিজেপি প্রার্থী জগন্নাথ সরকার হেনস্থার শিকার হন বলে অভিযোগ উঠেছে। গাড়ি থেকে নেমে অনুষ্ঠানস্থলের দিকে এগোতেই, শাসক দল আশ্রিত কয়েকজন দুষ্কৃতি তাদের ওপর চড়াও হয় বলে অভিযোগ। ধাক্কাধাক্কিতে দুই বিজেপি কর্মী আহত হন। একজনের মোবাইল কেড়ে নিয়ে ভেঙে দেওয়া হয় বলে অভিযোগ করেছেন, শ্রী সরকার।

ooooooooooooooooo

বাড়িতে সিবিআইয়ের তল্লাশি অভিযান নিয়ে কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্র নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানিয়েছেন। নির্বাচন ঘোষণার পর সিবিআইয়ের তল্লাশী আদর্শ আচরণের পরিপন্থী কিনা, কমিশনকে লেখা চিঠিতে সেই প্রশ্ন তুলেছেন মহুয়া। তিনি অভিযোগ করেছেন, এই ধরনের তল্লাশি শুধু যে তাঁর প্রচারে বিঘ্ন ঘটাচ্ছে তাই নয়, এর নেতিবাচক প্রভাবও পড়তে পারে। মহুয়া বলেছেন, সংবিধানে, ভোট ঘোষণার পর দেশের রাজনৈতিক দলগুলির মধ্যে সমতা রক্ষা করার কথা বলা হয়েছে। সেই দায়িত্ব রয়েছে নির্বাচন কমিশনের হাতে। কিভাবে তারা এধরনের তল্লাশি চালানোর অধিকার সিবিআই-কে দিচ্ছে, সেই প্রশ্নও তুলেছেন তিনি।

আদর্শ আচরণবিধি বলবৎ থাকাকালীন সিবিআই কিভাবে তাদের কাজ এগিয়ে নিয়ে যাবে, কমিশন সে ব্যাপারে নির্দেশিকা তৈরি করে দেবে বলে আশা প্রকাশ করেছেন মহুয়া মৈত্র।

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, মহুয়াকে যদি গ্রেফতার করা হয়, তাহলে জেলে থেকেই লড়বেন তিনি।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোটে এরাজ্যে, সব রাজনৈতিক দলের সম্পূর্ণ প্রার্থী তালিকা এখনও প্রকাশিত না হলেও প্রচারে নেমে পড়েছে সব দলই। আজ রবিবার হওয়ায় সকাল থেকেই পদযাত্রা, মিটিং, মিছিল করতে দেখা যায় বিভিন্ন দলের প্রার্থীদের। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ উত্তর দিনাজপুরের রায়গঞ্জে ইলেকটোরাল বন্ড নিয়ে সাংবাদিকদের প্রশ্নের মুখে পড়েন। তিনি বলেন, কোন দল কার কাছ থেকে কত টাকা এই বন্ড বাবদ পেয়েছে, তা এখন পরিষ্কার হয়ে যাচ্ছে। পিংলায় বিজেপি কর্মীকে খুন করা হলেও পুলিশ তা স্বীকার করছে না বলে তিনি অভিযোগ করেন ।

(বাইট – সুকান্ত)

বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেছেন, আদর্শ আচরণবিধি বলবৎ থাকাকালীন যেভাবে দিল্লির মুখ্যমন্ত্রী, আম-আদমী পার্টির নেতা অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেফতার করা হয়েছে , তাতে কমিশনকে তোয়াক্কা না করার মনোভাব স্পষ্ট।

(বাইট – বিমান বসু)

মালদা শহরের সানাউল্লা মঞ্চে সি পি আই এম-এর এক কর্মীসভায় এসেছিলেন বিমান বসু। সাংবাদিকদের তিনি জানান, মালদায় দল প্রার্থী না দিলেও, কংগ্রেসের হয়ে প্রচার করবে বামেরা।

oooooooooooooooooo

সন্দেশখালিতে গত ৫-ই জানুয়ারি ইডি আধিকারিকদের উপর আক্রমণের ঘটনার তদন্তে আজ সিবিআই আধিকারিকদের একটি দল সরবেরিয়ায় শেখ শাহজাহান মার্কেটে যায়। কথা বলে ব্যবসায়ীদের সঙ্গে। এরপর শাহজাহান ঘনিষ্ঠ ব্যবসায়ী সাইফুদ্দিন মোল্লাকে সঙ্গে নিয়ে তাঁরা যান শাহজাহানের বাড়ি লাগোয়া এলাকায়। হামলার ঘটনায় অভিযুক্ত, সিবিআই হেফাজতে থাকা সুকোমল সর্দার ও মেহবুর মোল্লা এবং সাইফুদ্দিনকে নিয়ে ৫ তারিখের ঘটনার পুনর্নির্মাণ করেন সিবিআই আধিকারিকরা। সাইফুদ্দিন মোল্লা হামলার সময় ঘটনাস্থলে উপস্থিত ছিলেন বলে খবর পুনর্নির্মানের পর সিবিআই আধিকারিকরা ন্যাজাট থানার অন্তর্গত রাজবাড়ি পুলিশ ফাঁড়িতে গিয়ে ৫ ই জানুয়ারি ঘটনার তথ্য সংগ্রহ করেন বলে সূত্রের খবর। এরপর সৈফুদ্দিনকে সঙ্গে নিয়ে কলকাতা রওনা হয় সিবিআই-এর দল।

oooooooooooooooooooo

আগামীকাল দোলযাত্রা। শেষ মুহূর্তে আবীর, রং, পিচকিরি কিনতে অনেকেই ভীড় করেছেন দোকানে। উৎসব নির্বিঘ্ন রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে পুলিশ প্রশাসন।

দোলযাত্রা উপলক্ষ্যে আগামীকাল পূর্ব রেলের শিয়ালদা ও হাওড়া ডিভিশনের বেশ কিছু EMU লোকাল বাতিল থাকবে।

oooooooooooooooooo